GEORGE TELEGRAPH
SINCE 1920
www.georgetelegraph.com

# জর্জ বুলেটিন

সংখ্যা ঃ ২ ● ২৮ সেপ্টেম্বর, ২০২৪

## কিশোর কিশোরীদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান

জর্জ টেলিগ্রাফ সিএসআর প্রকল্প বিভাগ পশ্চিমবঙ্গ ও আসাম রাজ্যের কিশোর-কিশোরীদের জন্য দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের জন্য বাল রক্ষা ভারত (বিশ্বের শীর্ষস্থানীয় এনজিও সেভ চিলড্রেনের অংশ) এর সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছে। ২০০৪ সাল থেকে, বাল রক্ষা ভারত শিশুদের একটি সুখী শৈশব এবং একটি উজ্জ্বল ভবিষ্যত পেতে সহায়তা করার জন্য ভারতের বিভিন্ন রাজ্যে কাজ করছে।



জর্জ টেলিগ্রাফ সিএসআর প্রজেক্ট ডিভিশন বাল রক্ষা ভারত-এর সঙ্গে ঘনিষ্ঠ সমন্বয়ে কাজ করবে। ভারত সরকারের 'সুস্থ ভারত' গড়ে তোলার লক্ষ্যে সমর্থন ও অবদান রাখার জন্য যেখানে শিশুরা একটি নিরাপদ ও প্রতিরক্ষামূলক পরিবেশে বৃদ্ধি ও বিকাশের পূর্ণ সুযোগের সঙ্গে ভালভাবে লালিত-পালিত হয়।

জর্জ টেলিগ্রাফ সিএসআর প্রকল্প বিভাগ ভারতের কর্পোরেটদের সহায়তা ও অবদানের মাধ্যমে সুবিধা বঞ্চিত শিশুদের একটি অর্থপূর্ণ শৈশব উপহার দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে জানানো হয়েছে।

## বজবজ তৈল শোধনাগারের সঙ্গে মৌ চুক্তি জর্জ টেলিগ্রাফের

শিক্ষা প্রতিষ্ঠানের জগৎ থেকেই শিল্প মুখী জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট। তারা সম্প্রতি বজবজ তৈল শোধনাগারের সঙ্গে একটা মৌ চুক্তি স্বাক্ষর করেছে।

বাজার অর্থনীতিকে চাঙ্গা করতে খুচরো ব্যবসাকে সচল রাখতে তারা এই অভিনব উপায়ে সারা রাজ্যে আরও ২৩টি ট্রেনিং ইনস্টিটিউট খুলবে বলে ঠিক করেছে।

এমনিতেই গত দুবছর আগে ভারতের জিডিপি গ্রোথ রেট ছিল ১০%, সেটি ২০২৭ সালে হতে পারে ১৩%। ওটাই কম্পাউন্ড রেট হিসেবে ধরা হবে। খুচরো ব্যবসাকে বাঁচিয়ে রাখতে জর্জের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন অনেকেই।

জর্জ টেলিগ্রাফের সিএসআর (কর্পোরেট সোশাল রেসপনসিবিলিটি) প্রজেক্টের লক্ষ্য হল, সামাজিক দায়িত্ব পালন। সেই লক্ষ্যেই এই মৌ চুক্তি সার্বিক বিকাশে সাহায্য করবে।

## এঞ্জেল নেটওয়ার্কে জর্জও

সম্প্রতি বিশ্ব বাংলা কনভেনশন সেন্টারে বেঙ্গল বিজনেসের প্রয়াস এঞ্জেল নেটওয়ার্কের এক অনুষ্ঠানে হাজির ছিলেন বন্ধন ব্যাংকের কর্ণধার চন্দ্রশেখর ঘোষ ও উজ্জীবন ব্যাঙ্কের প্রতিষ্ঠাতা সমিত ঘোষ। এই পরিবারের সদস্য হল জর্জ টেলিগ্রাফ। এই শতাব্দী প্রাচীন সংস্থার ম্যানেজিং ডিরেক্টর সুব্রত দত্ত অনুষ্ঠানে হাজির থেকে শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকান্ড তুলে ধরেছেন। তিনি বলেছেন, কীভাবে তাদের এই সংস্থা যুগ যুগ ধরে এগিয়ে চলেছে।

ওই অনুষ্ঠানে এক মৌ চুক্তি স্বাক্ষর হয়েছে। বেঙ্গল বিজনেস কাউন্সিলের এঞ্জেল নেটওয়ার্কের সদস্য হলেন ভারতের প্রাক্তন অধিনায়ক সৌরভ গঙ্গোপাধ্যায়। এমনকী তিনি যে বিশিষ্ট শিল্পপতিদের সংস্থায় নতুন সদস্য হলেন, তারও সম্মতি দিয়েছেন।

## বৃত্তিমূলক প্রশিক্ষণ

গ্রেটার নয়ডায় NSDC এর সঙ্গে সংযুক্তিকরনের মাধ্যমে পাওয়ার প্রজেক্ট ট্রেনিং শুরু করেছে জর্জ টেলিগ্রাফ। দীর্ঘমেয়াদী সামাজিক প্রভাব বিস্তারের জন্য CSR অংশীদারদের সঙ্গে একটা গাঁটছড়া বাঁধতে পেরেছে জর্জ।

## মহিলাদের ক্ষমতায়ন ও জর্জ টেলিগ্রাফ



মহিলাদের ক্ষমতায়নে উদ্যোগী হয়েছে বহুজাতিক সংস্থা। প্যান ইন্ডিয়ার হাত ধরে সেই কাজে অঙ্গীকারবদ্ধ হয়েছে জর্জ টেলিগ্রাফ। এটিও একটি সিএসআর (কর্পোরেট সোশাল রেসপনসিবিলিটি) সামাজিক দায়িত্বর আওতায় পড়েছে। সেই কাজে যুক্ত হয়েছে জর্জ ও লিন্ডে বহুজাতিক সংস্থা। এই কোম্পানি বিশ্বব্যাপী শিল্প গ্যাস এবং ২০২৪ সালে ৩৩ বিলিয়ন ডলারের বিক্রয়মূল্য ইঞ্জিনিয়ারিং শিল্পে আয় করেছে। মহিলাদের এই কাজে উৎসাহ দেওয়া হচ্ছে।

এই সামাজিক প্রকল্পের ম্যামে গভীর ছাপ ফেলা যাবে সর্বত্রই। সুবিধা বঞ্চিত মহিলাদের জন্য উদ্ভাবনী জীবিকার সন্ধান মিলেছে। তাদের ড্রাইভিং, স্বাস্থ্যসেবা, ফ্লেবোটমি, রোগীর সঙ্গে প্রশিক্ষণের মাধ্যমে সম্পর্ক স্থাপনের পদ্ধতি এই কাজ দেওয়া দেওয়া সম্ভব হবে।

কলকাতা ছাড়াও দার্জিলিং, শিলিগুড়ি, জামশেদপুর, হায়দ্রাবাদ, দেরাদুন নানা শহরে তাদের কর্মসংস্থানের সুযোগ করে দেওয়া সম্ভব হবে। এটি এক মহৎ উদ্দেশ্য।